
International Labour Organization



কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।

কোভিড-১৯ নির্দেশিকা এবং পদক্ষেপ সমুহের তালিকা

পোশাক কারখানা ও পরিচালকদের জন্য

# নিরাপদে এবং আরও দক্ষতার সাথে পরিচালনা করার জন্য কারখানা সংগঠিত করা

এই নির্দেশিকাটি , কোভিড ১৯ প্রাদুর্ভাবের সময় এবং পরবর্তীকালে মালিক এবং পরিচালকদের কারখানায় উন্নত সুরক্ষা ব্যবস্থা সরবরাহ এবং তাদের পরিচালনা দক্ষতা উন্নত করার জন্য কারখানা সংগঠিত করতে সহায়তা করবে।

## সূচনা

অন্তর্ভুক্ত রয়েছে: কর্ম পরিকল্পনা, কার্য তালিকা এবং ছক

**এই নির্দেশিকায়:**

- মহামারী চলাকালীন সময়ে আপনার কারখানায় নকশা (লে-আউট) কেন গুরুত্বপূর্ণ?
- একটি নিরাপদ এবং আরো দক্ষ কারখানা পরিচালনা প্রক্রিয়া
- একটি সু সংগঠিত কারখানা কি?
- কারখানাটি সংগঠিত করার মূল পদক্ষেপসমূহ।

### ১. মহামারী চলাকালীন সময়ে আপনার কারখানার নকশা (লে-আউট) কেন গুরুত্বপূর্ণ?

কোভিড-১৯ এর চলাকালীন সময়, আপনার শ্রমিকদের স্বাস্থ্যবিধি এবং সুরক্ষার জন্য আপনি

উন্নত কার্যকারিতা এবং নিরাপত্তার জন্য আপনার কারখানার কার্যক্রমগুলো পরিচালনা করুন।



যথাযথ সুরক্ষা বিধি অনুসরণ করছেন  কি-না তা নিশ্চিত করার জন্য আপনার কারখানাটি পরিপাটি এবং পরিষ্কার রাখা বিশেষ গুরুত্বপূর্ণ।একটি বিশৃঙ্খল কারখানার জায়গাগুলো পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা আরো বেশি কষ্টসাধ্য, যা আপনার কারখানায় ভাইরাস সংক্রমণ হওয়ার ঝুঁকি  বাড়িয়ে তোলে।

একটি সুচিন্তিত নকশা (লে-আউট), যুক্তিসঙ্গতভাবে বিভিন্ন উপকরণ সরবরাহ করার সময় কর্মীদের বেশী ঘনিষ্ঠ হওয়ার প্রয়োজনীয়তা কমায়। যেমন আপনি দেখবেন, কোভিড-১৯ এর এই সময় কারখা◌ান পুনরায় খোলা পর  বা কার্যক্রম চলমান রাখা◌ার সময় যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি আপনার কারখানার জায়গার সর্বোচ্চ সঠিক ব্যবহারের উপর নির্ভর করবে।  আপনার কারখানা সংগঠিত করলে  পরিচালনার  দক্ষতা বৃদ্ধি পাবে এবং ব্যয় হ্রাস হবে, যা মহামারীর প্রাদুর্ভাবের সময় এবং পরে স্বাভাবিক অবস্থা নিশ্চিত করতে অত্যাবশ্যক এবং দীর্ঘমেয়াদে কারখানার প্রতিযোগিতা বাড়িয়ে তুলবে।

## ২. একটি নিরাপদ এবং আরো দক্ষ  কারখানা পরিচালনা প্রক্রিয়া

দক্ষতার সাথে  কারখানা সংগঠিত করা আপনার উৎপাদন কার্যক্রম আরো দক্ষ করে তুলতে, প্রয়োজনীয় সময় পেতে এবং আপনার শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করতে সহায়তা করবে।  এটি  উপকরণের ক্ষতি বা অপচয় রোধ করে অপ্রয়োজনীয় ব্যয় কমাতেও সহায়তা করবে।

আপনার কারখানার সুযোগ-সুবিধা বাস্তবায়নের জন্য আপনার কাছে এখন অতিরিক্ত সময় থাকতে পারে যা আগে ব্যস্ত উৎপাদন সময়সূচীর কারণে করা সম্ভব হয় নি। কারখানার সংগঠন ভালো হলে তা শুধুমাত্র আপনার শ্রমিকদের সুরক্ষা দিতে সহায়তা করবে না বরং এতে তারা আরো দক্ষ হয়ে উঠবে এবং যার ফলে সঙ্কটের এই সময়ে ব্যয় সাশ্রয় হবে, যা ভবিষ্যতে আপনার প্রতিযোগিতামূলক মনোভাব আরো বাড়িয়ে তুলবে।

## ৩.   একটি সুসংগঠিত কারখানা কী?

একটি সুসংগঠিত কারখানার নিম্নলিখিত বৈশিষ্টগুলো থাকে:

১. কারখানা
পরিচ্ছন্ন রাখা


২. কারখানার ভাল
নকশা (লে-আউট)

৩. নিয়মিত যোগাযোগ করা
এবং কর্মীদের অন্তর্ভুক্ত করা

বিভিন্ন উপকরণ বা কাপড়ের ক্ষতি বা অপচয় রোধ করতে এবং আপনার শ্রমিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষা করতে কারখানা পরিষ্কার-পরিপাটি এবং সুশৃঙ্খল রাখার প্রক্রিয়া গুরুত্বপূর্ণ। পরিষ্কার-পরিপাটি কারখানায় কর্মীরা তাদের ব্যক্তিগত জিনিসপত্র লকারে সংরক্ষণ করে, সব উপকরণ এবং সরঞ্জামগুলি নির্ধারিত কক্ষ এবং জায়গায় রাখা হয় এবং কক্ষগুলির মাঝের জায়গায় বা মেঝেতে রাখা হয় না। প্রতিটি কক্ষের ব্যবহারএকটি চিহ্নের মাধ্যমে প্রকাশ করা হয় এবং শ্রমিকদের জন্য মেঝের গতিপথে এক কক্ষ থেকে অন্য কক্ষে যাওয়ার নির্দেশনা থাকে। কারখানা পরিষ্কার রাখার জন্য, প্রতিটি কক্ষে এবং প্রতিটি ডেস্কে ময়লা ফেলার ঝুড়ি সরবরাহ করা হয়, অপ্রয়োজনীয় এবং অব্যবহৃত জিনিসগুলি ফেলে দেওয়া হয় এবং নিয়মিত পরিদর্শন করা হয়।

তদুপরি, **কারখানার একটি ভাল নকশা (লেআউট)** আপনার উৎপাদন প্রক্রিয়াটিকে আরো দক্ষ, নিরাপদ, দ্রুত করবে এবং সময় বাঁচাতে সহায়তা করবে। যেসব কারখানায় ভাল নকশা (লেআউট) আছে সেখানে সমস্ত কক্ষগুলি একটি ধারাবাহিক নির্দেশনা অনুসরণ করে, যা উৎপাদনের ধারার সাথে সামঞ্জস্য রেখে তৈরী করা হয় (শুরু থেকে শেষ পর্যন্ত)। উৎপাদনের ধারাটি রঙিন চিহ্ন দ্বারা মেঝেতে নির্দেশিত থাকেএবং কর্মীরা সহজেই নকশা অনুযায়ী চলাচল করতে পারে।

কারখানার একটি যুক্তিপূর্ণ নকশার ( লেআউট) উদাহরণ:




পরিশেষে, **কোন ধরণের পরিবর্তন করার সময় নিয়মিত আপনার কর্মীদের জানালে এবং তাদের কে এর সাথে জড়িত রাখলে,** নিশ্চিত হতে পারবেন যে তারা প্রক্রিয়াটি বুঝেছে এবং তা অনুসরণ করবে। অতএব এটি আপনাকে দীর্ঘমেয়াদে কারখানাটি সংগঠিত রাখতে সহায়তা করে। একটি সু-সংগঠিত কারখানায়, কর্মীরা কারখানার নকশা(লেআউট) অনুসরণ করে, যে কোন সরঞ্জাম এবং উপাদান জায়গা মত গুছিয়ে রাখে এবং জানে কারখানাটি পরিষ্কার রাখতে কিভাবে তারা অবদান রাখতে পারে ।

## ৪. কাজের জন্য প্রস্তুতি

যেহেতু আমরা কারখানার  একটি ভাল নকশা (লেআউট) এবং রক্ষণাবেক্ষণ প্রক্রিয়ার গুরুত্ব সম্পর্কে পর্যালোচনা করেছি, নিচের পদক্ষেপসমূহ এবং সহায়তাগুলো আরও ভাল নিরাপত্তা ব্যবস্থা এবং উৎপাদন ধারা বজায় রাখার জন্য আপনার কারখানার নকশাটি (লেআউট) পুনরায় সংগঠিত করতে সহায়তা করবে।

কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



# আরো নিরাপদ এবং দক্ষ পদ্ধতির জন্য ৫ টি পদক্ষেপের মাধ্যমে গার্মেন্টস কারখানাগুলো তাদের কার্যক্রমগুলো সংগঠিত করতে পারে

০১ **কোভিড-১৯এর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য কারখানা প্রস্তুত করুন।**

সামাজিক দূরত্ব বজায় রাখার পদক্ষেপ এবং মহামারী সম্পর্কিত নির্দেশিকাগুলো বাস্তবায়ন করুন।

০২ **আপনার কারখানাটি পরিষ্কার-পরিপাটি রাখুন**

একটি নিরাপদ কাজের পরিবেশের ব্যবস্থা করুন এবং ক্ষতি এবং অপচয় এড়িয়ে চলুন।

০৩ **পরিষ্কার এবং পরিপাটি রাখার জন্য দৈনন্দিন কর্মসূচী তৈরি করুন**

সবকিছু সংগঠিত রাখার পদ্ধতি তৈরী করুন।

০৪ **আপনার কারখানার নকশা (লেআউট) উন্নত করুন**

আপনার কারখানার সামগ্রিক নকশা (লেআউট) পরিবর্তন করতে বাড়তি সময় ব্যয় করুন।

০৫ **আপনার শ্রমিকদের জানান এবং অন্তর্ভুক্ত করুন**

যে পরিবর্তনগুলো করা হয় সেগুলো আপনার কর্মীদের নিয়মিত জানান এবং তাদেরকে এ কাজে নিযুক্ত রাখুন ।

# পদক্ষেপগুলি কার্যকর করা: কারখানার কার্যতালিকা

## ১। কোভিড-১৯ এর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য কারখানা প্রস্তুত করুন

আপনার কারখানায় পুনরায় কাজ শুরু করার আগে, সামাজিক দূরত্ব বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপগুলো কার্যকর করতে এবং সবাইকে সুরক্ষিত রাখতে আপনাকে বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সামাজিক দূরত্ব নিশ্চিত করার জন্য কোভিড-১৯ প্রাদুর্ভাবের সময় আপনার কারখানায় গ্রহন করা পদক্ষেপগুলির একটি সর্বাঙ্গিন সংক্ষিপ্ত বিবরণের জন্য, গার্মেন্টস কারখানার জন্য আইএলওর বেটার ওয়ার্ক এর তৈরী"কোভিড-১৯ ব্যবস্থাপনা নির্দেশনা" এর পরামর্শ নেওয়ার জন্য আপনকে দৃঢ় ভাবে সুপারিশ করা হচ্ছে।। নিচের কার্ক্রমগুলো এই নির্দেশিকায় প্রস্তাবিত কার্যক্রমের নমুনা।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| শ্রমিকদের ফিরে আসার আগে আপনার কারখানাটি পরিষ্কার করুন এবং সম্পূর্ণ জীবাণুমুক্ত করুন। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| প্রবেশ পথে হাত ধোয়ার স্থান স্থাপন করুন যেন সমস্ত দর্শনার্থী এবং কর্মচারীরা আপনার কারখানায় প্রবেশের আগে তাদের হাত ধুয়ে নিতে পারে।<br>▶ এক কল থেকে অন্য কলের দূরত্ব কমপক্ষে দুই মিটার নিশ্চিত করুন।<br>▶ হাত ধোয়ার স্থানগুলিতে পরিষ্কার, শুকনো কাপড়, একক-ব্যবহারের তোয়ালে বা হ্যান্ড ড্রায়ার থাকা উচিত - পুনরায় ব্যবহারযোগ্য তোয়ালে এড়িয়ে চলুন।<br>▶ হাত দ্বারা চালিত কলের পরিবর্তে পা দ্বারা চালিত কল স্থাপন করার বিষয়টি বিবেচনা করুন। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| সেলাই (সুইং) বিভাগে কর্মরত শ্রমিকদের মধ্যে দূরত্ব নিশ্চিত করতে, সেলাই মেশিনগুলো এমন ভাবে বসাবেন যেন প্রত্যেক ব্যক্তির মধ্যে কমপক্ষে ২ মিটার (৬ ফুট) শারীরিক দূরত্বে থাকে। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| কাটিং এবং ফিনিশিং বিভাগগুলোতেও একইভাবে কমপক্ষে ২ মিটার (৬ ফুট) শারীরিক দূরত্ব নিশ্চিত করুন। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| সামাজিক দুরত্ব বজায় রাখার জন্য খাবার ঘরের পরিবর্তন করুন; আলাদা আলাদা টেবিলে বসুন বা টেবিলগুলোর মধ্য বেষ্টনী দিন। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| আরো বেশি প্যাডেস্টাল বা সিলিং ফ্যান স্থাপন করে এবং / অথবা বেশী করে জানালা খোলা রেখে কাজের জায়গায় বাতাস চলাচল বাড়ান। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| বায়ু বিশোধক স্থাপন করুন, বিশেষত যে জায়গাগুলো বন্ধ এবং / অথবা শীতাতপ নিয়ন্ত্রিত রয়েছে সেসব জায়গায়। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |

## ২। আপনার কারখানাটি পরিষ্কার -পরিপাটি রাখুন

আপনার কারখানাটি পরিষ্কার-পরিপাটি রাখা শুধুমাত্র সবার জন্য নিরাপদ কাজের পরিবেশ তৈরির জন্য প্রয়োজনীয় তা নয় , বিভিন্ন ধরণের ক্ষতি এবং অপব্যয় এড়ানোর জন্য ও প্রয়োজন। এই সঙ্কটের সময় যে বাড়তি সময় পাওয়া যায় তা আপনার কারখানাটি পরিষ্কার করার জন্য ব্যবহার করুন।

নিম্নলিখিত কার্যক্রমগুলো আপনাকে দ্রুত কারখানার পরিষ্কার-পরিচ্ছন্নতা উন্নত করতে সহায়তা করবে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন |
|---|---|---|---|

| | | | ✓ |
|---|---|---|---|
| সমস্ত মেঝে, টেবিল, যন্ত্রপাতি, তাক এবং সরঞ্জাম পরিষ্কার করুন। | ✓✓✓ | ››› ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| আপনার কারখানার বর্জ্য ফেলে দিন। | ✓✓✓ | ››› ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| উৎপাদন কক্ষগুলির বাইরে বা এর মাঝের স্থানগুলো পরিষ্কার করুন যাতে সহজেই আসা যাওয়া এবং জিনিসপত্র আনা নেওয়া করা যায়। | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| সমস্ত বাড়তি উপকরণগুলো নির্ধারিত সংরক্ষণের জায়গায় রেখে আসুন।। বাড়তি উপকরণ গুলো কিভাবে বাদ দিবেন চিন্তা করুন কারণ কারখানায় এগুলো রেখে দিলে সময়ের সাথে সাথে এর সংরক্ষণ খরচ বাড়বে। (আরও তথ্যের জন্য, খরচ কমানোর নির্দেশাবলীটি দেখুন)।) | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| ক্ষতি এড়াতে তাক এবং ফাইলিংয়ের ক্যাবিনেটগুলোতে কাগজের নথিপত্রগুলো সাজিয়ে রাখুন। | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| বর্জ্য ফেলার জন্য প্রতিটি কক্ষে, প্রতিটি ডেস্কে বা প্রতিটি টেবিলের শেষে এবং শ্রমিকদের প্রতিটি মেশিনের পাশে ঝুড়ি গুলো রাখুন। | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| লকার রুম তৈরি করুন, যেখানে আপনার কর্মীরা তাদের ব্যক্তিগত জিনিসগুলি লকারে রাখতে পারবেন। | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| যে সকল যন্ত্রপাতি ব্যবহার করা হয় না বা ভবিষ্যতেও ব্যবহার হবে না, সেগুলো সরিয়ে ফেলুন। | ✓✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |

## ৩। আপনার কারখানাকে পরিষ্কার এবং পরিপাটি রাখার জন্য দৈনন্দিন কর্মসূচী তৈরি করুন

পরিষ্কার এবং পরিপাটি করা গুরুত্বপূর্ণ কাজ। তাই দৈনন্দিন কর্মসূচী এবং একটি পদ্ধতি থাকলে আপনার কারখানা দীর্ঘমেয়াদে পরিপাটি, পরিষ্কার এবং সংগঠিত করতে সক্ষম হবেন। আপনার কিছু কর্মীদের নতুন কাজে নিযুক্ত করা নিশ্চিত করুন এবং পরিকল্পনা অনুযায়ী নিয়মিত কাজগুলো সম্পূর্ণ করা তাদের দায়িত্বের অংশ হিসেবে নির্ধারণ করুন।

**প্রয়োজনীয় পরামর্শ** : আপনার নিজেদের পরিষ্কারের সময়সূচী নির্ধারণ করতে আপনি পরিশিষ্ট ক ছকটি ব্যবহার করতে পারেন।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| নমুনা, প্যাটার্ন বোর্ড, ত্রূটিযুক্ত পন্য বা বর্জ্যের জন্য সঠিক লেবেলযুক্ত সংরক্ষণের জায়গা তৈরি করুন। | ✓✓ | ››› স্বল্প-মেয়াদী | ☐ |
| নিয়মিতভাবে নির্ধারিত সময়ে মেঝে, টেবিল, যন্ত্রপাতি, তাক এবং সরঞ্জামগুলো পরিষ্কার করা হয় তা নিশ্চিত করার জন্য একটি পদ্ধতি তৈরী করুন। | ✓✓ | ››› ››› মধ্য-মেয়াদী | ☐ |
| নির্দিষ্টভাবে টয়লেট এবং অন্যান্য জায়গাগুলো যেন নিয়মিত পরিষ্কার করা হয় তা নিশ্চিত করার জন্য একটি পদ্ধতি তৈরী করুন। | ✓✓ | ››› ››› মধ্য-মেয়াদী | ☐ |

| | | | |
|---|---|---|---|
| ময়লা ফেলার ঝুড়ি খালি করা এবং প্রয়োজন মত নিয়মিত ময়লা ফেলে দেওয়া হয় তা নিশ্চিত করার একটি পদ্ধতি তৈরী করুন। | ✓✓ | »» »» মধ্য-মেয়াদী | ☐ |
| নির্দিষ্ট সময় পর পর কারখানায় কীটপতঙ্গ এবং পোকামাকড় নিয়ন্ত্রণ নিশ্চিত করার একটি পদ্ধতি তৈরী করুন। | ✓✓ | »» »» মধ্য-মেয়াদী | ☐ |
| আপনার মেশিন ও সরঞ্জাম নষ্ট হওয়া প্রতিরোধ করতে পরামর্শ অনুযায়ী রক্ষণাবেক্ষণের একটি সময়সূচী নির্ধারণ করুন। | ✓✓ | »» »» মধ্য-মেয়াদী | ☐ |

## ৪। আপনার কারখানার নকশা (লেআউট) উন্নত করুন

এই সময়ে, আপনি আপনার কারখানার সামগ্রিক নকশাটি টি দেখার জন্য কিছুটা বেশী সময়ও ব্যয় করতে পারেন। কিছু কিছু ক্ষেত্রে পূনর্বিন্যাস করলে কিভাবে আরো দক্ষতার সাথে তা কাজ এগিয়ে নিতে যেতে পারে সে সম্পর্কে আপনার ইতিমধ্যে কিছু ধারণা হয়েছে, কিন্তু আপনি আগে এই পরিবর্তনগুলো করার সুযোগ পাননি।একটি যুক্তিসম্মত, সহজ, নিরাপদ এবং ভালভাবে নির্দেশিত কারখানার নকশা, উপকরণ আনা নেয়ার সময় এবং চলাচল করার সময় কমাতে সাহায্য করে এবং এর ফলে ক্ষতি, দুর্ঘটনা এবং মানুষজনের আসা যাওয়া ও দেখা হওয়ার কারণে অপ্রয়োজনীয় চলাচল কমায় । যদিও কারখানার একটি আদর্শ নকশা থাকা কঠিন এবং কষ্টকর কাজ ,আপনি একটি নকশা তৈরী করতে পারেন (অবস্থা পরিবর্তন হয়ে নতুন যে স্বাভাবিকতা আসছে তার জন্য প্রদত্ত নির্দেশনাবলী),যা স্বল্পমেয়াদে কারখানার ফ্লোরের ব্যবহার যোগ্য জায়গা পুনরায় সংগঠিত করে এর সর্বোচ্চ ব্যবহার করতে আপনাকে সাহায্য করবে ।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার যদি কারখানার নকশা (লেআউট) না থাকে তবে আপনার কারখানার নকশার (লে আউট) একটি রূপরেখা আঁকুন।<br>**প্রয়োজনীয় পরামর্শ:** আপনার নকশাটি আঁকতে পরিশিষ্ট গ এর ছকটি ব্যবহার করতে পারেন। | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| আপনার নকশা(লেআউট) টি নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো রয়েছে কিনা দেখুন;<br>▶ কক্ষগুলোর জন্য এক দিকে ধারাবাহিক নির্দেশনা দেয়া হয়েছ।<br>▶ উৎপাদন ধারা অনুযায়ী দিকনির্দেশগুলি দেয়া হয়েছে।<br>▶ কর্মীদের জন্য নকশা টি বোঝা এবং সে অনুযায়ী চলাচল করা সহজ ।<br>▶ নকশা টি কর্মীদের জন্য নিরাপদ, যেখানে কর্মীদের মধ্যে যথাযথ দূরত্ব বজায় রাখা হয়েছে।<br>▶ নকশা টি উপকরণ আনা নেওয়া এবং হাঁটার সময় হ্রাস করে<br>▶ যতটা সম্ভব দক্ষতার সাথে জায়গার ব্যবহার দেখানো হয়েছে।<br><br>কোভিড-১৯ মহামারী চলাকালীন সময়ে কাজ পরিচালনা করার জন্য প্রয়োজনীয় সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্যবিধি মেনে নকশা (লেআউট) তৈরী করা হয়েছে (আইএলও বেটার ওয়ার্ক এর "কোভিড-১৯ ব্যবস্থাপনা নির্দেশিকা" "COVID-19 Management Guidance" টি দেখুন) | ✓✓✓ | »» সল্প-মেয়াদী | ☐ |
| উপরের বৈশিষ্ট্যগুলোর উপর ভিত্তি করে, আপনি কিভাবে আপনার নকশা (লেআউট) উন্নত করতে পারেন তা বিবেচনা করুন। আপনি যে পরিবর্তনগুলি করতে চান তা লিখুন এবং আপনার কারখানার নতুন নকশার (লেআউট) একটি রুপরেখা আঁকুন ।<br><br>**প্রয়োজনীয় পরামর্শ:** আপনার নকশা (লেআউট) আঁকার জন্য আপনি পরিশিষ্ট গ এর ছকটি ব্যবহার করতে পারেন। | ✓✓✓ | »» সল্প-মেয়াদী | ☐ |
| আপনার কারখানার নকশা অনুযায়ী পরিবর্তনগুলো বাস্তবায়ন করুন। যে সব পরিবর্তন করা হয়েছে তা অবশ্যই চিহ্নিত করে রাখুন যেন কর্মীরা কারখানায় ফিরে আসার পর তাদের নতুন নকশা (লেআউট) সম্পর্কে সহজেই অবহিত করতে পারেন।<br><br>**প্রয়োজনীয় পরামর্শ:** আপনি নোটিশ বোর্ডগুলোতে আপনার নতুন নকশা (লেআউট) প্রদর্শন করতে পারেন। | ✓✓ | »» »» মধ্য-মেয়াদী | ☐ |

| | | | |
|---|---|---|---|
| আপনার কারখানার নকশা (লেআউট) পরিবর্তন করার সময় আপনার প্রধান প্রতিনিধি কর্মীদের এর সাথে জড়িত করুন। প্রতিষ্ঠানের নতুন নিয়ম কিভাবে অনুসরণ করবেন সে সম্পর্কে তাদের অবহিত করুন (নীচের ৫ নং সুপারিশ দেখুন)।<br><br>**প্রয়োজনীয় পরামর্শ:** আপনি শ্রমিক পরিষদ বা সিএফটি বা অন্য কোন প্রতিনিধি দল ব্যবহার করতে পারেন। | ✓✓ | »» »»<br>মধ্য-মেয়াদী | ☐ |
| আপনার কারখানার নকশাটি (লেআউট) নিয়মিত মূল্যায়ন করুন এবং প্রয়োজন অনুযায়ী পুনরায় সামঞ্জস্য করুন।.<br><br>**প্রয়োজনীয় পরামর্শ:** পরামর্শ এবং মতামত সম্পর্কে জানতে চান এবং এর জন্য পৃথক একটি কর্মচারী পরামর্শ বাক্স রাখুন বা একটি হোয়াটসঅ্যাপ বা একই রকম অন্য অ্যাপ্স ব্যবহার করুন। | ✓✓ | »» »» »»<br>দীর্ঘ-মেয়াদী | ☐ |

## ৫। আপনার শ্রমিকদের অবহিত করুন এবং অন্তর্ভুক্ত করুন

সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্য বিধির পদক্ষেপগুলো সবাই মেনে চলছে তা নিশ্চিত করার পাশাপাশি কারখানাকে পরিস্কার,পরিপাটি ও সংগঠিত রাখার জন্য, আপনার কর্মীদের অবহিত করা এবং তাদের কে এ কাজে জড়িত করা জরুরী। শ্রমিকরা যেন কর্মক্ষেত্রে নিরাপদ বোধ করেন তা নিশ্চিত করাও গুরুত্বপূর্ণ।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| কোভিড-১৯-এর বিস্তার রোধে কারখানায় যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে সচেতনতা তৈরি করার জন্য কারখানায় কার্যক্রম পুনরায় শুরু করার পরে আপনার সকল কর্মচারীদের (একসাথে সীমিত লোক) জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করুন।<br><br>**প্রয়োজনীয় পরামর্শ:** টাউনহল সভা বা দলীয় ব্রিফিংয়ের মত সভা করতে পারেন (সামাজিক দূরত্ব বজায় রাখুন)। | ✓✓ | »»<br>সল্প-মেয়াদী | ☐ |
| কারখানার কার্যক্রম পুনরায় শুরু করার সময়, কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ ঝুঁকি প্রতিরোধ করতে ইতিমধ্যে বাস্তবায়িত এবং পরবর্তীতে যে সব পদক্ষেপ নেয়া হবে সে সম্পর্কে আপনার কর্মীদের নিয়মিত অবহিত করুন। | ✓✓ | »»<br>সল্প-মেয়াদী | ☐ |
| কারখানায় গৃহীত ব্যবস্থা সম্পর্কে আপনার শ্রমিকদের জানানোর জন্য যোগাযোগ বা তথ্য আদান প্রদানের বিভিন্ন মাধ্যম ব্যবহার করুন; যেমন নোটিশ বোর্ড, পোস্টার, সভা, লিফলেট এবং অডিও বার্তা এবং/বা জনপ্রিয় অ্যাপস (দ্রুত এবং আরো লাভজনক) | ✓✓ | »»<br>সল্প-মেয়াদী | ☐ |
| কারখানাকে পরিষ্কার-পরিচ্ছন্ন ও সংগঠিত রাখার জন্য গৃহীত নতুন পদক্ষেপগুলো এখন যথাসময়ে এবং দীর্ঘ মেয়াদে পালন করা হচ্ছে কি না তা নিশ্চিত করার জন্য সদস্য কর্মীদের দায়িত্ব ভাগ করে দিন। | ✓✓ | »» »»<br>মধ্য-মেয়াদী | ☐ |
| যখনই নতুন কর্মীরা আপনার কারখানায় যোগদান করবেন, কাজ শুরু করার আগে তাদের কোভিড-১৯ পদক্ষেপসমূহ, কারখানার সংগঠন সম্পর্কে এবং কীভাবে তারা কারখানা ও তাদের কর্মক্ষেত্রকে পরিষ্কার, পরিপাটি ,সংগঠিত এবং সুরক্ষিত রাখতে অবদান রাখতে পারে ,সে সম্পর্কে প্রশিক্ষণ দিন। | ✓✓ | »» »»<br>মধ্য-মেয়াদী | ☐ |

**প্রয়োজনীয় পরামর্শ:** এই সকল কার্যক্রমের পরিকল্পনা এবং বাস্তবায়ন করতে, আপনি পরিশিষ্ট খ এর ছকটি ব্যবহার করতে পারেন।

## পরিশিষ্ট ক: কারখানা পরিপাটি ও পরিষ্কার রাখার জন্য দৈনন্দিন কর্মসূচী তৈরী করা

| কারখানা পরিষ্কার করার- কর্ম পরিকল্পনা | | | |
|---|---|---|---|
| কারখানার স্থান (সমূহ) | যে সকল কার্যক্রম গ্রহণ করা হবে | দায়িত্বশীল ব্যক্তি | কয়বার |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

## পরিশিষ্ট খ: কর্ম পরিকল্পনার ছক

| কর্ম পরিকল্পনা | | | | |
|---|---|---|---|---|
| সমস্যা চিহ্নিত করা | যে সকল কার্যক্রম গ্রহণ করা হবে | দায়িত্বশীল ব্যক্তি | কোন সময়ের মধ্যে? | উন্নতি গুলি কীভাবে পরিমাপ করা হবে? |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

## পরিশিষ্ট গ: কারখানার বিদ্যমান এবং নতুন নকশা (লেআউট)আঁকার জন্য ছক

| আপনার কারখানার বর্তমান নকশা (লেআউট) আঁকার ছক |
|---|
| |

# আপনার কারখানার নতুন নকশা (লেআউট) আঁকার জন্য ছক

আইএলও এন্টারপ্রাইজ বিভাগ, সুইডেন সরকারের অর্থায়নে, **ডিসেন্ট ওয়ার্ক ইন দা গার্মেন্ট  সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া** প্রকল্পের জন্য এই নির্দেশিকাটি তৈরি করেছে।

- কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য আরো নির্দেশনাবলী এবং তথ্য পেতে  দেখুন ;

ilo.org/covid19

**Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific**
United Nations Building, 10th Floor
Rajdamnern Nok Avenue,
Bangkok 10200, Thailand
Tel.: 662 288 1234 Fax. 662 288 3058
Email: BANGKOK@ilo.org